গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID)
এসডিজি সেল
www.sid.gov.bd

**বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ১৭শ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| তারিখ ও সময় | : | ২৮/০২/২০২৩ খ্রি. সকাল ১০:৩০ টা। |
| স্থান | : | বিবিএস কনফারেন্স রুম (গ্রাউন্ড ফ্লোর), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট '**ক**'-তে সংযুক্ত করা হলো। |

**২০. উপস্থাপনা ও আলোচনা:**

২.১ সভাপতি শুরুতেই সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর সার্বিক কার্যক্রমের বিষয়ে আলোকপাত করে সূচনা বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত উপস্থাপন করেন। আলোচনার শুরুতে তিনি বিগত ১৬শ এনডিসিসি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যায়ক্রমে সভাকে অবহিত করেন।

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | NDCC সভায় অংশগ্রহণের জন্য প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রেখে একই কর্মকর্তা মনোনয়ন প্রদানের বিষয়ে আলোচনা হয়। এ প্রসঙ্গে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র প্রজ্ঞাপন অনুসারে সভায় প্রতিনিধি মনোনয়ন করা হয় কিনা সভাপতি জানতে চান। উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভাকে অবহিত করেন যে, জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র গুরুত্ব ও কার্যক্রম বিবেচনায় সভায় প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রয়োজন বোধে এসডিজি সংশ্লিষ্ট কর্মকর্তাকে (ডাটা প্রদানকারী/ডাটা অনুমোদনকারী) মনোনয়ন প্রদানের জন্য সভার নোটিশে উল্লেখ করা হয়ে থাকে। পাশাপাশি টেলিফোনেও বিষয়টি অবহিত করা হয়। তারপরও প্রতিটি সভায় বিভিন্ন মন্ত্রালয়/বিভাগ/সংস্থা হতে এসডিজি'র সাথে সংশ্লিষ্ট নয় বা পূর্বে অংশগ্রহণ করেনি এমন কর্মকর্তাকে অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা হয়। সভাপতি এ বিষয়ে উষ্মা প্রকাশ করে বলেন, এর ফলে NDCC-এর গুরুত্ব ও কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। যার ফলশ্রুতিতে সংশ্লিষ্ট মন্ত্রালয়/বিভাগ/সংস্থা হালনাগাদ তথ্য-উপাত্ত পাওয়া যাচ্ছে না বা হালনাগাদ তথ্য-উপাত্ত প্রাপ্তিতে কোন ধরনের সমস্যা বা চ্যালেঞ্জ আছে কিনা তাও জানা যাচ্ছে না। সভাপতি NDCC সভায় প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র প্রজ্ঞাপন অনুসরণ করে প্রতিনিধি প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা বরাবর পত্র প্রেরণের জন্য সভাকে নির্দেশনা প্রদান করেন। | NDCC'র পরবর্তী সভায় জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র প্রজ্ঞাপন সংযুক্ত করে প্রতিনিধি প্রেরণের জন্য কমিটি'র সদস্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা বরাবর পত্র প্রদান করতে হবে। | বাস্তবায়নে: এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.৩ | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সভায় জানানো হয় মুক্তপাঠ প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রশিক্ষণ গ্রহণের জন্য মুক্তপাঠ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করার পদ্ধতিসহ মুক্ত পাঠে সংযুক্ত হওয়ার লিংক উল্লেখপূর্বক NDCC কমিটি'র সদস্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা বরাবর বিবিএস হতে গত ১৬/০১/২০২৩ তারিখে পত্র প্রদান করা হয়। পত্রটি সংশ্লিষ্ট সকলে পেয়েছে কিনা কিংবা মুক্তপাঠ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করতে সমস্যা হচ্ছে কিনা উপস্থিত প্রতিনিধিদের কাছে সভাপতি জানতে চান। এ প্রেক্ষিতে সভায় উপস্থিত কয়েকজন প্রতিনিধি পত্র পাননি বা মুক্তপাঠ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করতে পারছেন না মর্মে সভাকে অবহিত করেন। যারা পত্র পাননি কিংবা মুক্তপাঠ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করতে পারছেন না তারা ব্যক্তিগতভাবে বিবিএস-এর এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন এবং দ্রুততম সময়ের মধ্যে বিষয়টি সমাধান করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। প্রয়োজনে বিবিএস পুনরায় একটি পত্র প্রেরণ করবে। | যারা পত্র পাননি কিংবা মুক্তপাঠ প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করতে পারছেন না তারা ব্যক্তিগতভাবে বিবিএস-এর এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন এবং দ্রুততম সময়ের মধ্যে বিষয়টি সমাধান করতে হবে। প্রয়োজনে এসডিজি সেল, বিবিএস এ বিষয়ে পুনরায় একটি পত্র প্রেরণ করবে। | বাস্তবায়নে:<br>এসডিজি সেল,<br>বিবিএস |
| ২.৪ | আলোচনায় অংশ নিয়ে মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান আগে তাঁর মন্ত্রণালয় হতে ডাটা প্রদানকারী এবং ডাটা অনুমোদনকারীর মাধ্যমে ট্র্যাকারে ডাটা আপলোড করা হতো। বর্তমানে উক্ত মন্ত্রণালয়ের অধীন ৮টি অধিদপ্তর হতে সরাসরি ট্র্যাকারে ডাটা আপলোড করা হচ্ছে। মন্ত্রণালয় হতে অনুমোদন নেয়া হচ্ছে না। সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি একই বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় এবং মহাপরিচালক, বিবিএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস-এর নিকট এ ধরণের গ্যাপের কারণ জানতে চান। এ প্রেক্ষিতে তিনি বলেন জিইডি এর ম্যাপিং অনুযায়ী ডাটা সোর্স নির্ধারণ করা আছে। সে অনুযায়ী ট্র্যাকারে ডাটা আপলোড করা হচ্ছে। তবে ট্র্যাকারে ডাটা আপলোড করার পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে অবশ্যই অনুমোদন নিতে হবে। দপ্তর/সংস্থা থেকে ট্র্যাকারে ডাটা আপলোড করার পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে অনুমোদন না নেয়ার কারণে এ ধরণের গ্যাপ তৈরি হচ্ছে। সভাপতি NDCC'র সদস্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা বরাবর আলোচ্য বিষয়টি অবহিত করে পত্র প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। | এসডিজি ট্র্যাকারে ডাটা আপলোড করার পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। বিষয়টি NDCC'র সদস্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে পত্র মারফত অবহিত করতে হবে। | বাস্তবায়নে:<br>এসডিজি সেল,<br>বিবিএস |
| ২.৫ | আন্তর্জাতিক ইন্ডেক্সসমূহের বিষয়ে উপসচিব, এসডিজি সেল, সভাকে অবহিত করেন যে, এনডিসিসি'র আওতাধীন ২৪টি আন্তর্জাতিক ইন্ডেক্সসমূহ অর্জনে একটি অর্জনযোগ্য এবং সমন্বিত ভবিষ্যত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। সমন্বিত কর্মপরিকল্পনায় যে ইন্ডেক্সগুলোর নিয়মিত রিপোর্টিং হয় না এবং বর্তমান সময়ের প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ নয় সেগুলো চিহ্নিত করা এবং অধিকতর গুরুত্বপূর্ণ ও নিয়মিত প্রকাশিত ইন্ডেক্সগুলোতে কিভাবে বাংলাদেশের অবস্থানে উন্নতি ঘটানো যায় সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার মতামত গ্রহণ এবং পর্যালোচনা করা প্রয়োজন। তিনি এ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সাথে একটি স্টেকহোল্ডার ওয়ার্কশপ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় উপস্থিত এটুআই (a2i) এবং UNRC-এর প্রতিনিধি সভায় বলেন যে, আন্তর্জাতিক ইন্ডেক্সসমূহের বিষয়ে এটুআই (a2i)-এর সহযোগিতায় ইতোপূর্বে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল যা বর্তমান প্রেক্ষাপটে হালনাগাদ করা প্রয়োজন। | মার্চ ২০২৩-এর দ্বিতীয়/তৃতীয় সপ্তাহে ২৪টি আন্তর্জাতিক ইন্ডেক্সগুলো নিয়ে ইতোপূর্বে গৃহীত কর্মপরিকল্পনা/ম্যাপিং হালনাগাদ করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের নিয়ে ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | বাস্তবায়নে:<br>এসডিজি সেল,<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ<br><br>সহযোগিতায়:<br>এসডিজি সেল<br>বিবিএস, এটুআই (a2i) প্রোগ্রাম এবং UNRC অফিস। |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | UNRC-এর প্রতিনিধি একমত পোষণ করে বলেন যে, এসআইডি, বিবিএস, জিইডি, এটুআই (a2i), এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের কার্যালয়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও কাস্টোডিয়ান/পার্টনার এজেন্সির প্রতিনিধিদের নিয়ে এসডিজি'র অভীষ্টভিত্তিক পর্যালোচনার মাধ্যমে আন্তর্জাতিক ইন্ডেক্সগুলোতে কাজ করলে এর আওতাধীন সূচকসমূহ অর্জন করা সহজ হবে। ইতোপূর্বে গৃহীত কর্মপরিকল্পনা/ম্যাপিং হালনাগাদ সংক্রান্ত স্টেকহোল্ডার ওয়ার্কশপ কবে করা যায় সে বিষয়ে সভাপতির জিজ্ঞাসার প্রেক্ষিতে যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা), এসআইডি, মার্চ ২০২৩-এর দ্বিতীয়/তৃতীয় সপ্তাহে তা আয়োজন করা যেতে পারে মর্মে তাঁর অভিমত ব্যক্ত করেন। | | |
| ২.৬ | দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন জাতীয় অগ্রাধিকার লক্ষ্যমাত্রা NPT-24 (শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা) বিষয়ে সভাকে জানানো হয়, "আর্থ-সামাজিক" বিষয়ক কারিগরি কমিটি'র সভায় এ বিষয়ে সুপারিশ এবং এনডিসিসি'র ১৬শ সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি নিষ্পত্তির জন্য এসডিজি বাস্তবায়ন ও পর্যালোচনা বিষয়ক জাতীয় কমিটি'র পরবর্তী সভায় এজেন্ডাভুক্ত করার লক্ষ্যে গত ২২/০৯/২০২২ খ্রি. তারিখে অত্র বিভাগ হতে পত্র প্রেরণ করা হয়। বর্তমানে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের কার্যালয়ে রয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস জাতীয় অগ্রাধিকার লক্ষ্যমাত্রা (NPT-09) বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উক্ত সূচকে প্রাথমিক শিক্ষা সমাপনীতে পাশের হার ১০০% এ উন্নীত করা এবং বজায় রাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। কিন্তু সরকার প্রাথমিক সমাপনী পরীক্ষা তুলে দিয়েছে। এক্ষেত্রে উক্ত সূচক পুনরায় পর্যালোচনা করা প্রয়োজন। শিক্ষা সংক্রান্ত কারিগরি কমিটি'র সভায় বিষয়টি পর্যালোচনা করে পরবর্তীতে এনডিসিসি সভায় উপস্থাপনের মাধ্যমে সিদ্ধান্ত এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে। এ প্রসঙ্গে যুগ্মসচিব (উন্নয়ন ও পরিকল্পনা), এসআইডি দ্বিমত পোষণ করে বলেন, এটি একটি পলিসি ডিসিশন এর বিষয়, ডাটা ইস্যু নয়। এক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট থেকে নির্দেশনা আসা প্রয়োজন। যেহেতু NPT 39+1 প্রণয়ন ও বাস্তবায়নকারী প্রধানমন্ত্রীর কার্যালয়ে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (GIU) এবং মন্ত্রিপরিষদ কর্তৃক তা অনুমোদিত। তাই উক্ত লক্ষ্যমাত্রা পরিবর্তনের প্রস্তাব তাদের থেকে আসতে হবে। এনডিসিসি সভায় শুধুমাত্র ডাটা সংক্রান্ত সকল বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হয়। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক-এর কার্যালয়ের প্রতিনিধি বিবিএস-এর এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তার মতামতের সাথে একমত পোষণ করে বলেন, NPT-24 বিষয়টি যেভাবে বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র মাধ্যমে পর্যালোচনা করে পরবর্তীতে এনডিসিসি সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তির জন্য এসডিজি বাস্তবায়ন ও পর্যালোচনা বিষয়ক জাতীয় কমিটি'র সভায় এজেন্ডাভুক্ত করার লক্ষ্যে পত্র মারফত প্রেরণ করা হয়েছিল, এক্ষেত্রেও তা অনুসরণ করা যেতে পারে। সেক্ষেত্রে মুখ্য সমন্বয়কের সভাপতিত্বে আগামীতে অনুষ্ঠেয় সভায় বিষয় দু'টি একত্রে উপস্থাপন করা যেতে পারে। এ পর্যায়ে সভাপতি বলেন, বিষয়টি সম্পূর্ণ পলিসি ইস্যু এবং তা মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত। এনডিসিসি সভার কাজ হচ্ছে এসডিজি | NPT-09 (প্রাথমিক শিক্ষা সমাপনীতে পাশের হার ১০০% এ উন্নীত করা এবং বজায় রাখা) এর বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গভর্নেন্স ইনোভেশন ইউনিট (GIU) অথবা এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের কার্যালয় হতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। উক্ত কার্যালয় হতে এনডিসিসি-কে যদি নির্দেশনা প্রদান করা হয়, তা হলে সে আলোকে এনডিসিসি পরবর্তীতে বিষয়টি প্রক্রিয়াকরণ করবে। আলোচ্য সিদ্ধান্তটি পত্র মারফত অবহিত করতে হবে। | এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পরিবীক্ষণে মানসম্মত, হালনাগাদ ও গ্রহণযোগ্য তথ্য-উপাত্ত প্রস্তুত ও সরবরাহ করা। অর্থাৎ ডাটা সংক্রান্ত সকল বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা। সুতরাং আলোচ্য বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (GIU) অথবা এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের কার্যালয় হতে সিদ্ধান্ত প্রদান করা সমীচিন। উক্ত কার্যালয় হতে এনডিসিসি-কে যদি নির্দেশনা প্রদান করা হয়, তা হলে সে আলোকে এনডিসিসি বিষয়টি প্রক্রিয়াকরণ করবে। | | |
| ২.৭ | কৃষি মন্ত্রণালয়ের সাথে প্রোডাকশন এস্টিমেশন গ্যাপ নিয়ে দ্বিপাক্ষিক সভা আয়োজনের বিষয়ে সভায় জানানো হয়, গত ১৭ নভেম্বর, ২০২২ তারিখে কৃষি মন্ত্রণালয়ে সভাটি অনুষ্ঠিত হয়েছে। সভায় কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট এসডিজি সূচক ২.৩.১, ২.৩.২ ও ২.৪.১ এর বেইজলাইন ডাটা সরবরাহ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। প্রোডাকশন এস্টিমেশনের পার্থক্য নিয়ে আরেকটি সভা আহবানের বিষয়েও উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় জানানো হয়, এসডিজি সূচক ২.৫.১ এর তথ্য প্রদানের জন্য ০৮টি সংস্থা/দপ্তর দায়িত্বপ্রাপ্ত এবং FAO এ সূচকের কাস্টোডিয়ান এজেন্সি। সূচকটিতে ০৮টি সংস্থা থেকে বিচ্ছিন্নভাবে তথ্য-উপাত্ত পাওয়ায় Compilation করা এবং দ্বৈততা পরিহার করা বিবিএস এর পক্ষে কষ্টকর। এ প্রসঙ্গে সভায় জানানো হয় ধান গবেষণা, কৃষি গবেষণা এবং পাট গবেষণা ইনস্টিটিউট প্রত্যেক প্রতিষ্ঠান গবেষণাধর্মী কাজ করলেও কাজের ধরণ এবং তথ্য-উপাত্তের ভিন্নতা রয়েছে। বিষয়টি টেকনিক্যাল হওয়ায় বিশেষভাবে সমন্বয়ের জন্য National Agricultural Research System (NARS) এর আওতাভুক্ত ১১টি প্রতিষ্ঠানের মধ্যে Apex Body হিসেবে কৃষি গবেষণা কাউন্সিল (BARC)-কে সমন্বয়ের দায়িত্ব প্রদান করা যেতে পারে এবং কৃষি বিষয়ক কারিগরী কমিটিতে BARC কে কো-অপ্ট করা যায়। সভাপতি তাঁর মতামতে বলেন, বর্তমানে কৃষি মন্ত্রণালয়ে নতুন সচিব মহোদয় নিয়োগপ্রাপ্ত হয়েছেন। তাকেঁ সার্বিক বিষয়টি অবহিত করতে হবে এবং পুনরায় আরেকটি সভা আয়োজন করতে হবে। তিনি আরো বলেন দ্বৈততা পরিহারের লক্ষ্যে এসডিজি সূচক ২.৫.১ এর বিষয়ে কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে একটি সভা আয়োজন করা যেতে পারে। | ক) কৃষি মন্ত্রণালয়ের নব নিয়োগপ্রাপ্ত সচিব মহোদয়কে পূর্বের সভার সার্বিক বিষয় অবহিতকরণের লক্ষ্যে পুনরায় আরেকটি দ্বিপাক্ষিক সভা আয়োজন করতে হবে;<br><br>খ) দ্বৈততা পরিহারের লক্ষ্যে এসডিজি সূচক ২.৫.১ এর বিষয়ে সমন্বয়ের জন্য কৃষি গবেষণা কাউন্সিল (BARC)-কে দায়িত্ব প্রদান এবং কৃষি বিষয়ক কারিগরী কমিটিতে কো-অপ্ট করতে হবে;<br><br>গ) এছাড়াও উক্ত সূচকের বিষয়ে কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে একটি সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এসডিজি সেল বিবিএস |
| ২.৮ | ডাটা বিষয়ে উদ্ভূত সকল সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমন্বয়ের জন্য বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র সভায় আলোচনার মাধ্যমে তা সমাধান করার বিষয়ে এনডিসিসি'র ১৬শ সভার সিদ্ধান্ত ছিল। সে আলোকে ০৯ টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে। উপসচিব, এসডিজি সেল, এসআইডি সভায় ০৯ টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ এবং এ সকল কমিটির আওতায় অন্তর্ভুক্ত সূচকসমূহের সর্বশেষ Data Availability Status Report সভাকে অবহিত করেন। তিনি আরো বলেন কারিগরি কমিটি'র সভাগুলোতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের | এনডিসিসি'র আওতায় গঠিত বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র সভাগুলোতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিত হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রদান করতে হবে। | এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |

| ক্রনং. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রতিনিধিগণ উপস্থিত না থাকায় সভা আয়োজনের উদ্দেশ্য ব্যাহত হয়। এক্ষেত্রে তিনি সভাপতির মাধ্যমে বিষয়ভিত্তিক কারিগরি কমিটি'র সভাগুলোতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিত হওয়ার বিষয়ে সহায়তা কামনা করেন। এ বিষয়ে সভাপতি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র মারফত বিষয়টি অবহিত করার বিষয়ে পরামর্শ প্রদান করেন। | | |
| ২.৯ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার দায়িত্বপ্রাপ্ত ২৩১টি সূচকের হালনাগাদ তথ্য-উপাত্তের বিষয়ে বিস্তারিত অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি সভায় এসডিজি ট্র্যাকারে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সর্বশেষ অবস্থান তুলে ধরেন। সভায় আলোচনা হয় যে, SDG ট্র্যাকারে ডাটা প্রদান অথবা ডাটা বিষয়ে কোন সমস্যার সম্মুখীন হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বিবিএস কর্তৃক নির্ধারিত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তার মাধ্যমে অথবা ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস-এর সাথে যোগাযোগ করতে পারে। | SDG ট্র্যাকারে ডাটা প্রদান অথবা ডাটা বিষয়ে কোন সমস্যার সম্মুখীন হলে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বিবিএস কর্তৃক নির্ধারিত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তার মাধ্যমে অথবা ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস-এর সাথে যোগাযোগ করবে। | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ-এর জন্যে বিবিএস কর্তৃক নির্ধারিত ক্লাস্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস। |
| ২.১০ | সভাপতি সদ্য যোগদানকৃত এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়কে তাঁর দায়িত্ব গ্রহণের জন্য এনডিসিসি'র পক্ষ হতে স্বাগত জানান এবং এসডিজি, এনডিসিসি, এনডিসিসি'র আওতায় গঠিত বিষয়ভিত্তিক কারিগরি কমিটি, এসডিজি ট্র্যাকার, এসডিজি ট্র্যাকারে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার Data Availability Status সহ এসডিজি সংশ্লিষ্ট সার্বিক বিষয়ে মুখ্য সমন্বয়ক মহোদয়কে অবহিত করার লক্ষ্যে অতি দ্রুত একটি স্পেশাল এনডিসিসি সভা আয়োজনের জন্য এসডিজি সেল, এসআইডি এবং এসডিজি সেল, বিবিএস-কে দায়িত্ব প্রদান করেন। | এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় সম্মতি ও এনডিসিসি সভার তারিখ ও সময় নির্ধারণের জন্য দ্রুত এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের কার্যালয়ের সাথে যোগাযোগ করতে হবে। | এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং এসডিজি সেল, বিবিএস। |

৩.০ পরিশেষে সভাপতি সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩.০৩.২০২৬

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ